

## বরো ধান

**জাত :-** নবীন,রনজিত,শতাব্দী। **হাইব্রীড:-** এরাজ-৬৪৪৪, পি,এ,চি-৮৭৪৪, পি,এইচ,বি-৭১, ডি আর,আর, এইচ-৩ রাজলক্ষী।

**সময় :-** কাতিক -অগ্রহায়ণ মাসে বীজতলা তৈরী করুন এবং বীজ বপন করুন।

**বীজের পরিমাণ :-** শ্রী পদ্ধতিতে ৫০০-৮০০ গ্রাম প্রতি কানি ,প্রচলিত পদ্ধতিতে ৮ কেজি প্রতি কানি।

**বীজ শোধন:-** হালকা রোদেবীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেবএবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে।

**জমি তৈরী :-** সেচেরঅবস্থা বুজে অগ্রহায়ন-পৌষ মাসে মূল জমি তৈরি করুন। প্রথম চাষে ভাল ভাবে আগাছা পরিষ্কার করে ৭-১০ দিন ফেলেরাখুন। দ্বিতীয় চাষে ভাল ভাবে জমি তৈরি করে চারা রোপন করুন।

শ্রী পদ্ধতিতে ৮-১০ দিনের চাড়া , প্রচলিত পদ্ধতিতে ২০ -২৫ দিনের চারা ব্যবহার করুন।

**সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-**

	<u>প্রচলিত পদ্ধতি</u>	<u>শ্রী পদ্ধতিতে</u>	<u>হাইব্রীড ধান</u>
ইউরিয়া	৩৫ কেজি	১৪ কেজি	৩৫ কেজি
সুপার ফসফেট	৫০ কেজি	২০ কেজি	৬০ কেজি
পটাশ	১৩ কেজি	৭ কেজি	১৪ কেজি
জীবাণু সার	৬০০ -৭০০ গ্রাম	৬০০ -৭০০ গ্রাম	৬০০ -৭০০ গ্রাম

সম্পূর্ণ গোবর সার প্রথম চাষে মাটিতে প্রয়োগ করুন। মূল জমি তৈরী করার সময় অর্ধেক পরিমাণ ইউরিয়া ,সম্পূর্ণ সুপার ফসফেট এবং পটাশ প্রয়োগ করুন। বাকী পরিমাণ ইউরিয়ার অর্ধেক অংশ ধানের পাশকাঠি ছাড়ার সময় এবং অবশিষ্ট ইউরিয়া গোড়ায়থোর আসার সময় প্রয়োগ করুন। জীবানু সার দুই বারে প্রয়োগ করুন, প্রথম বার মূল জমি তৈরী করার সময় অর্ধেক পরিমাণ এবং বাকী অর্ধেক পরিমাণ ২৫ -৩০ দিনের পর প্রয়োগ করুন।

**অম্বর্ষতী পরিচর্যা :-** ২ - ৩ বার ভাল করে আগাছা পরিষ্কার করুন এবং গোরার মাটি হালকা করে দিন। শ্রী পদ্ধতিতে চাষ করলে জল নিয়ন্ত্রন করুন। জমিতে জল জমানো চলবেনা বেশী শুকানোও চলবেনা। লক্ষ্য রাখতে হবে যেন নালায় জল থাকে।

**সময় কাল :-** ১৩০ -১৫০ দিন ।

**উৎপাদন :-** কানি প্রতি প্রচলিত পদ্ধতিতে ৮০০ - ১০০০ কেজি ।

শ্রী পদ্ধতিতে ১০০০ - ১২০০ কেজি ।

হাইব্রীড ধান ১২০০ -১৪০০ কেজি ।